بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

August 15, 2011

Bangladesh Embassy in Washington DC observes National Mourning day

Bangladesh Embassy in Washington DC observed the National Mourning Day today (August 15) marking the 36th martyrdom of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman paying rich tributes to him.

The day began with the hoisting of the national flag at a half-mast on the mission premises and also at the Bangladesh House. On the occasion, the embassy arranged a discussion-cum doa mahfil at the Bangabandhu Auditorium of the embassy. The program began with reading out of the messages of the Hon'ble President , Hon'ble Prime Minister and Hon'ble Foreign Minister on the occasion. A documentary film featuring the life and works of Bangabandhu Sheikh Mujibur Rahman was also screened on the occasion.

In the discussion, the speakers, which included embassy officers and community leaders, highlighted the glorious life, epic struggle for Independence and achievements of the Father of the Nation in Independent Bangladesh. They also called upon the Bangladeshi expatriates to work together to build a 'Sonar Bangla' dreamt by Bangabandhu Sheikh Mujibur under the dynamic leadership of Prime Minister Sheikh Hasina.

Bangladesh Ambassador to USA and State Minister Akramul Qader, in his speech, paid glowing tributes to the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and urged the expatriate Bangladeshis to support and work unitedly for the implementation of a Digital Bangladesh envisioned by the Hon'ble Prime Minister Sheikh Hasina. The Ambassador also mentioned that different development projects were taken by the present government aimed at making Bangladesh a middle- income country by 2021. Prime Minister Sheikh Hasina is making relentless efforts to achieve goal and seeking cooperation from all sphere of people of the country to reach the goal, the ambassador added. Embassy officials, members of Bangladesh Community, representatives from cultural and social organizations, among others, were also present. A special prayer was offered for the eternal peace of the departed souls of Bangabandhu Sheikh Mujibur Rahman and his other family members who were killed on August 15, 1975 . The prayer was also offered for the development and continued peace of the country.

Contact : Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071 , Fax : 202-244-2771\7830, e-mail : pressministerwash@yahoo.com

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

১৫ আগষ্ট, ২০১১

ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে জাতীয় শোক দিবস পালিত

যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাস আজ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৩৬ তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করে ।

দিবসটি উপলক্ষে দূতাবাস প্রাঙ্গন এবং বাংলাদেশ হাউজে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়। সকালে দূতাবাসের বঙ্গবন্ধু অডিটরিয়ামে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে এক আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। সভার শুরুতে এ উপলক্ষে বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় পররাষ্ট্রমন্ত্রীর বাণী পাঠ করে শোনানো হয়। বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপরও একটি প্রামান্যচিত্র প্রদর্শন করা হয়। আলোচনা অনুষ্ঠানে আগত বক্তারা জাতির জনকের বর্ণাঢ্য জীবন ও কর্মের উপর আলোকপাত করেন এবং বাংলাদেশের স্বাধীনতা অর্জনে তাঁর অনন্য অবদানের কথা কৃতজ্ঞচিত্তে স্মরণ করে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। বক্তারা বঙ্গবন্ধুর স্বপ্ন সোনার বাংলা গড়ে তোলার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে প্রবাসী বাংলাদেশীদের ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার জন্য প্রবাসী বাংলাদেশীদের আহ্বান জানান। তিনি বলেন, ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্য আয়ের দেশ হিসেবে গড়ে তোলার জন্য মাননীয় প্রধানমন্ত্রী বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচী গ্রহন করেছেন। রাষ্ট্রদূত কাদের আরও বলেন, মাননীয় প্রধানমন্ত্রী উক্ত লক্ষ্যে পৌঁছার জন্য নিরলসভাবে কাজ করে যাছেন এবং দেশের সকল স্তরের মানুষকে সহযোগিতা করার জন্য আহ্বান জানিয়েছেন। উক্ত আলোচনা সভায় কম্যুনিটির নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ, বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের প্রতিনিধিসহ দুতাবাসের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সদস্যসহ যাঁরা ১৫ ই আগস্ট শাহাদাৎ বরণ করেছেন তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে ও বাংলাদেশের অব্যাহত শান্তি ও সমৃদ্ধি কামনা করে মোনাজাত করা হয়।

যোগাযোগ ঃ স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন, ডিসি-২০০০৮, টেলিফোন ঃ ২০২-২৪৪-৫০৭১, ফ্যাক্স-২০২-২৪৪-২৭৭১/৭৮৩০, ইমেইল-: pressministerwash@yahoo.com